# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২২-২০২৩/ ২১৭(৭) তারিখ ঃ 07/09/2022

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৩/০৯/২০২২ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। শিশু শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।
৩। এস এস সি পরীক্ষার্থী অভিভাবকদের পরীক্ষা কেন্দ্র সমূহের বাহিরে অস্থায়ী বসার স্থান নির্মাণ করণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

............................................................

............................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৩-০৯-২০২২ইং
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ শিশু শ্রম বন্ধে জনগনকে সচেতন করা প্রসঙ্গে।**

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর সভার সভাপতি মহোদয় বলেন, কিশোর শ্রম, একটি বড় সামাজিক সমস্যা। সমাজের এক শ্রেনীর মানুষ তাদের হীন স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে দারিদ্রতার সুযোগ নিয়ে তাদের ব্যবসায়িক প্রতিষ্ঠানে প্রাপ্ত বয়স্ক কর্মচারী/লেবার নিয়োগের পরিবর্তে স্বল্প মজুরীতে ছোট ছোট শিশু-কিশোরদের কাজে নিয়োগ করে থাকে। ফলে ঐ সব শিশুরা শিক্ষা অর্জন থেকে বঞ্চিত হয়। এ প্রসঙ্গে কমিটির সম্মানিত সদস্য জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌস ঝর্ণা বলেন, দারিদ্রতার কারণে অনেক পরিবারের অবিভাবকগণ তাদের শিশু সন্তানদের বিভিন্ন প্রতিষ্ঠানে কাজে লাগায়। বিষয়টির উপর সভার সকলে বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) জয়পুরহাট পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্ব-স্ব কাউন্সিলরগণের নেতৃত্বে ওয়ার্ডের সকল মহল্লার গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে বিভিন্ন সভা সমাবেশে শিশু শ্রম বন্ধ করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) জয়পুরহাট পৌরসভার সকল স্বাস্থ্যকর্মী ও মাঠকর্মীগণ মাঠ পর্যায়ে কাজ করার সময় বিশেষ করে দরিদ্র পরিবারের অবিভাবকগণকে তাদের শিশুদের উপার্জনের কাজে না লাগিয়ে তাদের যেন লেখাপড়া করার জন্য স্কুলে পাঠায় সে বিষয়ে কর্মীগণ অবিভাবকগণকে উদ্বুদ্ধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী-৩। এস এস সি পরীক্ষার্থী অভিভাবকদের পরীক্ষা কেন্দ্র সমূহের বাহিরে অস্থায়ী বসার স্থান নির্মাণ করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন, আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ সাল হতে এস এস সি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বর্তমান পৌর পরিষদ পৌরসভার দায়িত্বভার গ্রহনের পর হতে মেয়র মহোদয়ের বিশেষ উদ্যেগে বিগত বছরগুলোতে যেভাবে পরীক্ষার্থী অভিভাবকদের বসার স্থান নির্মাণ করে দিয়েছেন। আগামী এস এস সি পরীক্ষার্থী অভিভাবকদের বসার স্থান বসার স্থান আরো সুন্দর ভাবে নির্মাণ করা হবে বলে আশা পোষন করেন। এ আলোচনার প্রেক্ষিতে উপস্থিত সদস্যগনের মধ্যে থেকে নিম্নোক্ত সদস্য গণ তাদের মোতামত প্রদান করেন।

মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন,পরীক্ষার্থী অভিভাবকদের বসার স্থান নির্মাণ একটি ভাল উদ্যেগ। কিন্তু দেখা যায় দেখা যায় পরীক্ষার্থী মা অথবা যেকোন নারী আত্নীয় পরীক্ষার্থীদের সাথে এসে কোন বসার জায়গা না পেয়ে বেশী বিড়ম্বনার শিকার হয়। আর পুরুষ অভিভাবকগণ যেহেতু চায়ের দোকান বা অন্যত্র বসে সময় কাটাতে পারে, তাই নারীদের জন্য বিশেষ ভাবে বসার স্থান নির্ধারণ করনের বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, পরীক্ষার্থী অভিভাবকদের বসার স্থানে নারী ও বৃদ্ধদের অগ্রাধিকার দেওয়া প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

এস এস সি পরীক্ষার্থী অভিভাবক সহ পরবর্তীতে অন্যান্য পাবলিক পরীক্ষার সময় পরীক্ষার্থী অভিভাবকদের বসার স্থান নির্মাণ করনের সময় নারী ও বৃদ্ধদের বসার অগ্রাধিকার বিষয়টি বিবেচনা করা হবে।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২২-২০২৩/ ২৫০ (৭) তারিখ ঃ ২৬/০৭/2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১৩/০৯/২০২২ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ জান্নাতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | |